

ঢাকা, মঙ্গলবার ২৬ সেপ্টেম্বর ২০২৩
১১ আশ্বিন ১৪৩০, ১০ রবিউল আউয়াল ১৪৪৫

কালের বর্ধ

বিজ্ঞান জাদুঘর পরিদর্শনে ৬ শতাধিক বিসিএস কর্মকর্তা



ঢাকার সাভারে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৭৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের বিসিএস কর্মকর্তারা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিদর্শন করেন। ছবি : সংগৃহীত

ঢাকার সাভারে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৭৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ছয় শতাধিক বিসিএস কর্মকর্তা গতকাল রবিবার ও আজ সোমবার আগারগাঁওয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিদর্শন করেন।

এসব কর্মকর্তা বাংলাদেশ সিভিল সার্ভিসের ১৯টি ক্যাডারে কর্মরত। প্রশিক্ষণার্থীরা বিজ্ঞান জাদুঘরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা ও গ্যালারিসহ বিজ্ঞানের মৌলিক ও ঐতিহাসিক প্রদর্শনীবস্তু এবং নানা উদ্ভাবন প্রত্যক্ষ করে। বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে কর্মকর্তাদের স্মারক উপহার দেওয়া হয়। এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, সরকারি কর্মকর্তাদের মাধ্যমে বিজ্ঞান জাদুঘর বিজ্ঞান ও প্রযুক্তির আলো সমগ্র দেশে ছড়িয়ে দিতে চায়। তৃণমূল পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তির প্রসারে সরকারি কর্মকর্তারা শক্তিশালী মাধ্যম।

পরিদর্শন শেষে কর্মকর্তাদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্য প্রদানকালে মুনীর চৌধুরী বলেন, দেশকে বিজ্ঞান ও প্রযুক্তিতে সমৃদ্ধ করতে হবে। বিজ্ঞান চর্চায় সম্পৃক্ত হতে হবে।

একই সঙ্গে নৈতিক শক্তিতে বলিয়ান হতে হবে। দেশপ্রেম, সততা ও কর্তব্য নিষ্ঠা সরকারি কর্মকর্তাদের জন্য অপরিহার্য।



Visiting BCS officers board the replica of Titanic at the National Museum of Science and Technology at Agargaon in Dhaka on Monday. **Report on page 2** — Press release

600 BCS officers visit science museum

Staff Correspondent

MORE than 600 BCS officers attending the 75th basic training course of the Bangladesh Public Administration Training Centre at Savar visited the National Museum of Science and Technology at Agargaon in Dhaka on Sunday and Monday.

The officers are working under 19 cadres of Bangladesh Civil Service. Trainees see the science museum's various important installations and galleries, including basic and historical inventions of science. Commemorative gifts were given to the officials by the science museum.

Science museum director general Mohammad Munir Chowdhury said, 'The science museum wants to spread the light of science and technology across the country through government officials. Government officials are a powerful medium in spreading science and technology at the grass-roots level.'